মেহেরপুরে হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

৩ গ্রাম হেরোইনসহ আরিফুল ইসলাম (৪০) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।
গ্রেফতারকৃত আরিফুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার রঘুনাথপুর গ্রামের মুক্তার আলীর ছেলে।

গতকাল মঙ্গলবার (২ মে) দিবাগত রাতে মেহেরপুর সদর থানার এসআই শিবলী গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ তার বাড়িতে অভিযান চালিয়ে আরিফুল ইসলামকে গ্রেফতার করে। এসময় তার কাছ থেকে ৩ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

সদর থানার এসআই শিবলী বলেন, সংবাদ আসে আরিফুল ইসলামের বাড়িতে হেরোইন রেখে বিক্রি করছেন। এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালিয়ে হেরোইনসহ তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আরিফুল ইসলামের নামে এর আগেও সদর থানায় মাদকের অভিযোগে দুটি মাদকের মামলা রয়েছে। মামলা দুটি আদালতে বিচারাধীন।

গ্রেফতারকৃত আরিফুল ইসলামকে আজ বুধবার (৩ মে) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে ৫০ গ্রাম গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে ৫০ গ্রাম গাঁজাসহ মিনারুল ইসলাম(২৮) নামের এক মাদক পাচারকারিকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

আজ রবিবার (৩০ এপ্রিল) বেলা ১১ টার সময় গাংনী শহরের টহল পুলিশ তাকে আটক করে। আটক কৃত মিনারুল ইসলাম গাংনী উপজেলার হেমায়েতপুর গ্রামের বুদু বিশ্বাসের ছেলে।

গাংনী থানার টহল পুলিশের এসআই আবুল কালাম আজাদ জানান, এক যুবক গাঁজা গ্রাম থেকে গাঁজা নিয়ে শহরে বিক্রি করতে আসছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সংঙ্গীয় ফোর্স নিয়ে বাজারের মেসার্স নাইম ট্রেডার্স নামক একটি দোকানের সামনে গেলে মিনারুল পুলিশ দেখে দৌড়ে পালাতে চেষ্টা করে। আমরা তাকে আটক করে দেহ তল্লাশী করি। তার কোমরে বাধা অবস্থায় একটি পলেথিন প্যাকেটে মোড়ানো ৫০ গ্রাম গাঁজা উদ্ধার করি।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, হেমায়েতপুরের মিনারুল ইসলাম নামের এক মাদক ব্যবসায়ীকে গাঁজাসিহ আটক করা হয়েছে। মাদক মালায় তাকে আদালতে সোপর্দ করা হবে।

আলমডাঙ্গায় গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

আলমডাঙ্গা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে গাঁজাসহ ঝিনাইদহ আদর্শপাড়ার মাদক ব্যবসায়ী আব্দুর রাজ্জাককে আটক করেছে। আজ বুধবার বেলা দুপুরে পৌর এলাকার হাজী মোড় থেকে তাকে ৪শ গ্রাম গাঁজাসহ আটক করা হয়।

জানাগেছে, ঝিনাইদাহ আদর্শপাড়ার আনসার মন্ডলের ছেলে আব্দুর রাজ্জাক (৪১) দীর্ঘদিন ধরে গাঁজা ব্যবসা করে। সে ঝিনাইদাহসহ আশপাশ উপজেলায় গাঁজা পাইকারি বিক্রয় করে বেড়ায়। আজ বুধবার দুপুরে আলমডাঙ্গা থানার এসআই ইউসুফ আলী, এএসআই জিয়াউর রহমান ও এএসআই রওশন আলী সঙ্গীয় ফোর্স নিয়ে মাদক বিরোধী অভিযান চালায়। পুলিশের উপস্থিতি টের পেয়ে মাদক ব্যবসায়ী আব্দুর রাজ্জাক পালিয়ে যাওয়ার চেষ্টা করে।

পুলিশ কৌশলে তাকে আটক করে। আটকের পর তাকে তল্লাশি করে ৪শ গ্রাম গাঁজা উদ্ধার করে। এবিষয়ে মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করা হয়েছে।

দর্শনায় ফেনসিডিলসহ মাদক

ব্যবসায়ী গ্রেফতার

দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে ১১০ বোতল ফেনসিডিলসহ এক মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করেছে।পুলিশ জানায় রবিবার ১৯ মার্চ ভোর সাড়ে ৪টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবীরের নেতৃত্বে অভিযান চালায় ছয়ঘরিয়া গ্রামে।

এ সময় দর্শনা থানার এস আই রাম প্রসাদ সরকার, এ এস আই বশির আহমেদ,এ এস আই মামুনুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযান চালায় ছয়ঘরিয়া মাঠপাড়া পাকা রাস্তার উপর। এ সময় পুলিশ আক্তারুল ইসলাম টোটন((৪০) কে গ্রেফতার করে। তার স্বীকারোক্তিতে তার বাড়ি তল্লাশি করে ১১০ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

সে দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের ছয়ঘরিয়া মাঠপাড়ার শমসের আলীর ছেলে।

আজ তাকে এস আই রাম প্রসাদ সরকার বাদি হয়ে মাদক আইনে মামলা দায়ের করে কোর্ট হাজতে প্রেরন করেছে।

আলমডাঙ্গার বকসিপুর থেকে

ট্যাপেন্টা ট্যাবলেটসহ মাদক

ব্যবসায়ী

আলমডাঙ্গার বকসিপুর গ্রাম থেকে ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ আমিরুল ইসলাম নামের এক মাদক বিক্রেতাকে আটক করেছে পুলিশ। গতকাল মঙ্গলবার রাতে মাদক বিরোধী অভিযান চালিয়ে তাকে আটক করে পুলিশ।

জানা গেছে,আলমডাঙ্গার বকসিপুর গ্রামের মৃত খলিলুর রহমানের ছেলে আমিরুল ট্যাপেন্টাডল ট্যাবলেট কেনাবেচা করে বলে পুলিশের কাছে সংবাদ আসে।

সংবাদের ভিত্তিতে থানার অফিসার ইরচার্জ সাইফুল ইসলামের নেতৃত্বে এসআই (নিঃ) মনিরুল ইসলাম, সঙ্গীয় অফিসার এএসআই (নিঃ) মোঃ শামিনুর রহমান ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

অভিযানে আমিরুল ইসলামকে আটক করে পুলিশ। এ সময় তার কাছ থেকে ৩১ পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করা হয়। আটক আসামীর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুর র্যাবের পৃথক অভিযানে এ্যালকোহল ও ইয়াবাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুর র্যাব ক্যাম্পের সদস্যরা পৃথক অভিযান চালিয়ে ২১০ বোতল এ্যালকোহল ও ৭২ পিস ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ীকে গ্রফতার করেছে।

গতকাল রবিবার দুপুরে র্যাব-১২ মেহেরপুর সিপিসির কমাণ্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার আবুল কালাম আজাদের নেতৃত্বে কুষ্টিয়ার মিরপুর থানাধীন আমলাবাজার সদর জামে মসজিদ মার্কেট এর নীচ তলায় অভিযান পরিচালনা করে ২১০বোতল নেশাজাতীয় মাদকদ্রব্য এ্যালকোহলসহ সাহাপুর গ্রামের ফজলুল হকের ছেলে নুরুল ইসলাম (৩৭) কে গ্রেফতার করে। পরে বিকালে একই জেলার দৌলতপুরের গোয়ালগ্রামে অভিযান চালিয়ে ৭২ পিস ইয়াবাসহ একই গ্রামের আফজান মালিথার ছেলে মিলন আলী
(৩৫) কে গ্রেফতার করে।

তাদের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক মামলা করে থানায় সোপর্দ করা হয়েছে বলে জানান সিপিসি কমাণ্ডার।

তিনি আরো জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায়, এই মাদক

ব্যবসায়ীদ্বয় দীর্ঘদিন যাবৎ আইন প্রয়োগকারী সংস্থার চোখ ফাঁকি দিয়ে অবৈধ নেশাজাতীয় মাদকদ্রব্য বিভিন্ন মাদকসেবীর নিকট বিক্রয় করে আসছিল

জীবননগরে ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

জীবননগর থানা পুলিশের মাদক বিরোধী অভিযান ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ী আটক।

গতকাল বুধবার রাতে জীবননগর থানার অফিসার ইনচাজ(ওসি) মোঃ আব্দুল খালেকের নিদেশে জীবননগর থানার এস আই নাহিরুল ইসলাম সঙ্গীয় ফোস নিয়ে গোপন সংবাদের ভিক্তিত্বে জীবননগর উপজেলার ইসলামপুর মোড়ে মাদক বিরোধী অভিযান চালিয়ে সুবলপুর গ্রামের মৃত বদর উদ্দিন মন্ডলের ছেলে আব্দুস সাত্তার এবং পুরাতন লক্ষীপুর গ্রামের আব্দুর রশিদের ছেলে নাজমুল হাসানকে ২৫ পিচ ইয়াবাসহ আটক করে।

আটককৃত আসামীদের বিরুদ্ধে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা হয়েছে।

মেহেরপুরে হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

২ গ্রাম হেরোইনসহ মাদক ব্যবসায়ী হায়াত আলী (৩৫) কে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) একটি টিম।

আটক হায়াত আলী মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা গ্রামের হিসাব আলীর ছেলে।

শুক্রবার দুপুরে ডিবি পুলিশের পরিদর্শক রত্নেশ্বর মন্ডলের নেতৃত্বে এসআই বিশ্বজিৎ সরকার এসআই শাহিনুর রহমান এসআই হেলাল সঙ্গীয় ফোর্স সহ মেহেরপুর বুড়িপোতা সড়কে মাদক বিরোধী অভিযান চালিয়ে তাকে আটক করেন।

ডিবি পুলিশের পরিদর্শক রত্নেশ্বর মন্ডল বলেন মেহেরপুর-বুড়িপোতা রাস্তায় মোদক পাচার হচ্ছে এমন সংবাদে সেখানে অবস্থান নেয়া হয়। এসময় ইজিবাইকে মাদক ব্যবসায়ী হায়াত আলী যাচ্ছিল। এসময় ওই ইজিবাইকটি তল্লাশী করার সময় সে পালানোর চেষ্টা করে। এসময় তাকে আটক করা হয়।

হেরোইন উদ্ধারের ঘটনায় ডিবি পুলিশ বাদী হয়ে মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে থানায় সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে হেরোইন মামলায় মাদক ব্যবসায়ীর যাবজ্জীবন

মেহেরপুরে হেরোইন রাখার অভিযোগ প্রমাণিত হওয়ায় মতিয়ার রহমান নামের এক মাদক ব্যবসায়ীকে যাবজ্জীবন সশ্রম কারাদন্ড দিয়েছে আদালত। একই সাথে ২০ হাজার টাকা জরিমানা আরো ৬ মাসের সশ্রম কারাদন্ড দিয়েছে আদালত।

দন্ডিত মতিয়ার রহমান গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের আনোয়ার হোসেনের ছেলে। রায় ঘোষণার সময় সে পলাতক ছিল।
আজ বৃহস্পতিবার (২৭ অক্টোবর) দুপুর আড়াইটার দিকে মেহেরপুর অতিরিক্ত দায়রা জজ আদালতের বিচারক রিপতি কুমার বিশ্বাস এ রায় দেন। আটকের দিন থেকে তার সাজার মেয়াদ শুরু হবে।

মামলার বিবরণে জানা গেছে ২০১৩ সালের ৬ আগস্ট র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-৬) গাংনী ক্যাম্পের একটি দল গোপন সংবাদে বামন্দী পেট্রোল পাম্পের কাছ থেকে মতিয়ার রহমান কে আটক করেন। এ সময় তার কাছ থেকে ৩০ গ্রাম হেরোইন উদ্ধার করে।

হেরোইন উদ্ধারের ঘটনায় র্যাব-৬ গাংনী ক্যাম্পের সদস্য বাদী হয়ে ১৯৯০ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ১৯(১) ধারার টেবিল ১(খ) ধারায় গাংনী থানায় একটি মামলা দায়ের করেন। যার সেশন নং-১৪৭/১৩।জি আর কেস নং-৫০৬/১৩। মামলার তদন্তকারী কর্মকর্তা প্রাথমিক তদন্ত শেষে আদালতে চার্জশিট দাখিল করেন।

মামলায় ১০ জন সাক্ষীর সাক্ষ্যে আসামি দোষী প্রমাণিত হওয়ায় বিজ্ঞ আদালত তাকে যাবজ্জীবন সশ্রম কারাদন্ড প্রদান করেন। মামলা রাষ্ট্রপক্ষে অতিরিক্ত পিপি কাজি শহীদ কৌশলী ছিলেন।

গাংনীতে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

গাংনীর পিরতলা পুলিশ ক্যাম্পের পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৪০ বোতল ফেনসিডিলসহ আমানুল ইসলাম (২৮) নামের এক ব্যক্তিকে আটক করেছেন।

আটক আমানুল ইসলাম কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার ধর্মদহ গ্রামের জমসেদ আলীর ছেলে।

আজ বুধবার (১২ অক্টোবর) ভোররাত ৩ টার দিকে পিরতলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) জহির রায়হানের নেতৃত্বে পুলিশের একটি টিম ওই গ্রামের তিন রাস্তার মোড় এলাকায় অভিযান চালিয়ে ফেনসিডিলসহ তাকে আটক করেন।

এসআই জহির রায়হান বলেন, মাদক পাচার হচ্ছে এমন সংবাদে সেখানে অভিযান চালানো হয়। এসময় আমানুল পুলিশ দেখে পালানোর চেষ্টা করলে তাকে হাতে নাতে ধরা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, ফেনসিডিল উদ্ধারের ঘটনায় পুলিশের পক্ষ থেকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে তার নামে মামলা দিয়ে দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।